শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদের নভেম্বর-২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ আজমল হোসেন
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, সৈয়দপুর

তারিখ ঃ ৩০ নভেম্বর ২০২৩ খ্রিঃ

সময় ঃ বেলা-১১.০০টা।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-"ক" এবং অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-"খ"তে দেখানো হলো।**

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, সৈয়দপুরকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে এজেন্ডাভিত্তিক সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচনা-১ঃ গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ**

সভায় ২৬.১০.২০২৩ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**সিদ্ধান্ত-১ঃ** বিস্তারিত আলোচনান্তে গত ২৬.১০.২০২৩ তারিখের সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচনা-২ঃ উপজেলা পরিষদের কমিটির সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ-**

আলোচ্য সময়ে উপজেলা কমিটির কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্ত-২ঃ** বিস্তারিত আলোচনান্তে কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতির বরাবর উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনা-৩ঃ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ-**

আলোচ্য সময়ে কোন সরকারি পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্ত-৩ঃ** সরকারি পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনা-৪ঃ মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ-**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫ নীলফামারী-৪ মহোদয়ের প্রতিনিধি উপস্থিত না থাকায় কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্ত-৪ঃ** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫ নীলফামারী-৪ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

## বিভাগীয় আলোচনা ঃ

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল দপ্তর/বার্ষিক উন্নয়ন কর্মসূচি | **আলোচনা-৫ঃ** উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। | **সিদ্ধান্ত-৫ঃ** ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| নারী বান্ধব ও নারী উন্নয়ন বিষয়ক | **আলোচনা-৬ঃ** উপজেলা পরিষদের মহিলা ভাইস-চেয়ারম্যান সভায় নারী উন্নয়ন তথা উন্নয়নমূলক কাজে নারীদের অংশগ্রহণের বিষয়ে আলোচনা করেন। | **সিদ্ধান্ত-৬ঃ** বিস্তারিত আলোচনান্তে নারী উন্নয়নের ক্ষেত্রে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ইউএনও<br>২। মহিলা ভাইস-চেয়ারম্যান |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | **আলোচনা-৭.১ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, হাসপাতালের আউটডোর চিকিৎসা কার্যক্রম চালু রয়েছে। এছাড়াও ১৪টি কমিউনিটি ক্লিনিকের সেবা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। করোনা ভাইরাসের ভ্যাকসিন নিয়মিত প্রদান করা হচ্ছে। | **সিদ্ধান্ত-৭.১ঃ** জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটির সভা নিয়মিত আয়োজন করার জন্য অনুরোধ করা হলো। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |



CamScanner

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| উপজেলা কৃষি দপ্তর | **আলোচনা-৭.২ঃ** উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, মাঠে বিদ্যমান ফসলের অবস্থা মোটামুটি ভালো। সার ও তেলের মজুদ যথেষ্ট পরিমাণে রয়েছে। এছাড়া কৃষি বিষয়ে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদানসহ সার ও ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকি করা হচ্ছে। | **সিদ্ধান্ত-৭.২ঃ** কৃষির বিষয়ে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে। সার ও ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকির সিদ্ধান্ত গৃহীত হলো।<br>প্রকৃত কৃষকদের মাঝে কৃষি প্রণোদনা বিতরণসহ কৃষি প্রণোদনা গ্রহণকারীদের ডাটাবেইজ তৈরি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | **আলোচনা-৭.৩ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, দুধ, ডিম ও মাংসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে তাঁর দপ্তর হতে মাঠ পর্যায়ে টিকাদান ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়াও গবাদিপশুর চিকিৎসাসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। খামার স্থাপন, ঘাস চাষ ইত্যাদি বিষয়ে পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। | **সিদ্ধান্ত-৭.৩ঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সৈয়দপুরকে ডিম, মাংস উৎপাদন বৃদ্ধিসহ গৃহপালিত পশু-পাখির রোগবালাই প্রতিরোধে প্রয়োজনীয় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>সুস্থ ও রোগমুক্ত পশু জবাই এর কার্যক্রম মনিটরিং জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br>২। স্যানিটারি ইন্সপেক্টর |
| সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর | **আলোচনা-৭.৪ঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, কারেন্ট জালসহ বিভিন্ন নিষিদ্ধ উপকরণ ব্যবহার করে মাছ ধরা রোধে মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। এছাড়া সৈয়দপুর উপজেলায় বিভিন্ন প্রজাতির মৎস্য চাষ বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণসহ মৎস্য চাষের বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও বিভিন্ন সহায়তা তাঁর দপ্তর হতে প্রদান করা হচ্ছে। | **সিদ্ধান্ত-৭.৪ঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে এ উপজেলায় দেশীয় মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ১০০ শয্যা হাসপাতাল | **আলোচনা-৭.৫ঃ** আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতাল, সৈয়দপুর সভায় উপস্থিত না থাকার কারণে তাঁর দপ্তর নিয়ে আলোচনা করা সম্ভব হয়নি। | **সিদ্ধান্ত-৭.৫ঃ** আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতালকে পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতাল |
| উপজেলা সমাজসেবা দপ্তর | **আলোচনা-৭.৬ঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় সভায় জানান যে, সামাজিক নিরাপত্তার আওতায় ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন চলছে। ডিজিটাল প্রতারণার হাত থেকে বাঁচার জন্য ভাতাভোগীদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত-৭.৬ঃ** (১) উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সকল ভাতাভোগীদের ভাতা প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।<br>(২) প্রতারকদের ফোন নম্বরগুলো সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হলো। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>২। অফিসার ইনচার্জ, সৈয়দপুর থানা |
| উপজেলা শিক্ষা দপ্তর | **আলোচনা-৭.৭ঃ** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনসহ তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বন্যাদুর্গত মানুষের মাঝে শুকনা খাবার বিতরণের জন্য উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়কে ধন্যবাদ জানান। | **সিদ্ধান্ত-৭.৭ঃ** উপজেলা শিক্ষা অফিসারকে এ উপজেলার প্রকৃত ঝরে পড়া শিক্ষার্থীর হার নির্ণয়ের জন্য অনুরোধ করা হলো। অনুপস্থিত ছাত্র/ছাত্রীদের বাড়িতে গিয়ে তার পরিবারের সাথে আলোচনাপূর্বক অনুপস্থিত থাকার কারণটি প্রধান শিক্ষকের দায়িত্বে নিশ্চিত করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | **আলোচনা-৭.৮ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, নতুন পাঠ্যক্রম অনুযায়ী ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির শিক্ষার্থীদেরকে বাস্তবমুখী পাঠদান নিশ্চিত করা হচ্ছে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান সংক্রান্ত কোন সমস্যা পাওয়া গেলে দ্রুত অবহিত করার অনুরোধ জানান। বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত-৭.৮ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে প্রত্যন্ত অঞ্চলের বিদ্যালয়সমূহে মানসম্মত শিক্ষা প্রদানের জন্য মনিটরিং বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হলো।<br>যে সকল স্কুল বা মাদ্রাসায় ছাত্র/ছাত্রীদের উল্লেখযোগ্য উপস্থিতি নয় এবং ফলাফল সন্তোষজনক নয়, সেগুলো পরিদর্শন করে পরবর্তী সভায় পেশ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |



CamScanner

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| উপজেলা খাদ্য দপ্তর | আলোচনা-৭.৯ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, খাদ্যবান্ধব কর্মসূচির সুবিধাভোগীদের ডাটাবেইজ তৈরির কাজ চলছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.৯ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে খাদ্য গুদামে কর্মরত শ্রমিকদের ডাটাবেইজ তৈরির জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| উপজেলা নির্বাচন দপ্তর | আলোচনা-৭.১০ঃ উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন আসন্ন। এ বিষয়ে দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। নির্বাচনের কারণে ভোটার স্থানান্তর প্রক্রিয়া বন্ধ রয়েছে। এছাড়া নতুন ভোটার নিবন্ধনসহ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.১০ঃ উপজেলা নির্বাচন অফিসারকে তাঁর দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।<br>আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করার লক্ষ্যে দায়িত্বপ্রাপ্ত সকলকে স্বীয় দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য অনুরোধ করা হলো। | ১। উপজেলা নির্বাচন অফিসার<br>২। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ |
| উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | আলোচনা-৭.১১ঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, আগামী ০৯/১২/২০২৩ ইং তারিখ হতে ১৪/১২/২০২৩ ইং পর্যন্ত পরিবার পরিকল্পনা সেবা সপ্তাহ পালন করা হবে। জন্ম নিয়ন্ত্রণ ও পরিবার পরিকল্পনা বিষয়ে দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। চলতি মাসে ইমপ্লান্ট-৭১টি, স্বাভাবিক প্রসব-৬৯টি, সিজারিয়ান-০০টি এবং মৃত জন্ম-০০টি। ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রের বিদ্যমান কমিটির সভাগুলো নিয়মিত আয়োজনের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের নিকট অনুরোধ জানান। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.১১ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে কমিউনিটি ক্লিনিকগুলোর কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে নিয়মিত পরিদর্শন করে প্রতিবেদন দাখিলের অনুরোধ করা হলো। এছাড়াও জন্ম নিবন্ধনের নিমিত্ত FWV এবং FWA কর্তৃক নবজাতকের তথ্য ফরম আকারে ইউনিয়ন পরিষদে নিয়মিত সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>ক্লিনিকের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য জনবল বৃদ্ধিসহ ক্লিনিকের FWC এর আর্থিক সহায়তা বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান হলো।<br>ক্লিনিকসমূহের সেবার মান বৃদ্ধির লক্ষ্যে একটি সভা আহবানপূর্বক কার্যকর প্রস্তাবনা প্রস্তুতের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | আলোচনা-৭.১২ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ দপ্তরের অন্যান্য প্রকল্প বা কর্মসূচির কার্যক্রম ধারাবাহিকভাবে চলমান রয়েছে। | সিদ্ধান্ত-৭.১২ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে তাঁর দপ্তরের প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | আলোচনা-৭.১৩ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বিভিন্ন ভাতাভোগীদের ভাতা প্রদান ও ক্ষুদ্র ঋণ কার্যক্রমসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া বাল্যবিবাহ প্রতিরোধে নিয়মিত উঠান বৈঠক আয়োজনের কাজ চলমান রয়েছে। | সিদ্ধান্ত-৭.১৩ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে বাল্যবিবাহ প্রতিরোধসহ VWB ও মাতৃত্বকালীন ভাতা প্রদান কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | আলোচনা-৭.১৪ঃ উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সৈয়দপুর সভায় জানান যে, চলতি ২০২৩-২৪ অর্থবছরে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে টিউবওয়েলের সকল তালিকা পাওয়া গেছে। বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.১৪ঃ বিস্তারিত আলোচনান্তে উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সৈয়দপুরকে দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।<br>এছাড়াও কাশিরাম বেলপুকুর ইউনিয়নের স্যানিটেশনের হার বৃদ্ধির জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সৈয়দপুর |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | আলোচনা-৭.১৫ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে। | সিদ্ধান্ত-৭.১৫ঃ বিস্তারিত আলোচনান্তে প্রকল্পসমূহ যেন সঠিকভাবে বাস্তবায়িত হয় তা তদারকির জন্য অনুরোধ করা হলো।<br>টিআর/কাবিখা/কাবিটা প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজের প্রি-ওয়ার্কের ছবি এবং সরেজমিনে কাজের অগ্রগতি ও মান পরিদর্শনপূর্বক বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |



CamScanner

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| উপজেলা সমবায় দপ্তর | আলোচনা-৭.১৬ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে সমিতিগুলোকে উৎপাদনমুখী করার প্রচেষ্টা চলছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.১৬ঃ উপজেলা সমবায় কর্মকর্তাকে তাঁর দপ্তরের ঋণ বিতরণ ও আদায়সহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা পরিসংখ্যান দপ্তর | আলোচনা-৭.১৭ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.১৭ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| উপজেলা আনসার-ভিডিপি দপ্তর | আলোচনা-৭.১৮ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.১৮ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| উপজেলা যুব উন্নয়ন দপ্তর | আলোচনা-৭.১৯ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থবছরে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ঋণ প্রদান, আত্মকর্মসংস্থান সৃষ্টি কার্যক্রমসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সিদ্ধান্ত-৭.১৯ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে যুব প্রশিক্ষণ, ঋণ প্রদান, আত্মকর্মসংস্থান সৃষ্টি কার্যক্রমসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | আলোচনা-৭.২০ঃ সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান যে, সৈয়দপুর শহরের ভেতরের রাস্তাগুলো সংকীর্ণ এবং শহরের অভ্যন্তরে কোন ওয়াটার রিজার্ভার না থাকায় অগ্নিকান্ডে জরুরি সেবা দেয়া কঠিন হবে। আসন্ন শুষ্ক মৌসুমে অগ্নিকান্ড প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে তাঁর দপ্তর বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। | সিদ্ধান্ত-৭.২০ঃ সিনিয়র স্টেশন অফিসারকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সৈয়দপুর |
| উপজেলা বন বিভাগ | আলোচনা-৭.২১ঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি প্রশিক্ষণ কেন্দ্র সভায় জানান যে, দপ্তরের নিয়মিত কার্যক্রমের আওতায় বিভিন্ন জাতের বনজ ও ফলদ গাছের চারা উৎপাদন ও বিক্রয় চলছে। এছাড়াও তিনি জানান যে, সামাজিক বনায়নগুলো নিয়মিত তদারকি করা হয়। | সিদ্ধান্ত-৭.২১ঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি প্রশিক্ষণ কেন্দ্র, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি কেন্দ্র, সৈয়দপুর |
| পল্লী সঞ্চয় ব্যাংক | আলোচনা-৭.২২ঃ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সৈয়দপুর সভায় জানান যে, এ উপজেলায় মোট ১৩৫টি গ্রুপ রয়েছে। প্রত্যেক গ্রুপের সদস্য সংখ্যা ৬০ জন। তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.২২ঃ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সৈয়দপুর |
| পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | আলোচনা-৭.২৩ঃ উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.২৩ঃ উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| পরিদর্শক (পাট) এর কার্যালয় | আলোচনা-৭.২৪ঃ পরিদর্শক (পাট) সভায় জানান যে, "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০" শতভাগ বাস্তবায়নের নিমিত্ত নিয়মিত ভ্রাম্যমান আদালত পরিচালনার কাজ চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনা-৭.২৪ঃ পরিদর্শক (পাট)'কে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | পরিদর্শক (পাট) |
| উপজেলা পাট উন্নয়ন দপ্তর | আলোচনা-৭.২৫ঃ উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-৭.২৫ঃ উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তাকে মাঠ পর্যায়ে উপস্থিত থেকে পাট চাষীদের পাট চাষের বিষয়ে পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হলো এবং উপকারভোগীদের ডাটাবেজ প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | আলোচনা-৭.২৬ঃ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, ৬ষ্ঠ পর্যায়ের (২০২১-২০২২ অর্থবছরে) উপজেলা গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট প্রজেক্টের বরাদ্দের আওতায় কাশিরাম বেলপুকুর ইউনিয়নের হাজারীহাট উপ-স্বাস্থ্য কেন্দ্রের সামনে পানি নিষ্কাশনের ড্রেন নির্মাণ, হাজারীহাট উপ- | সিদ্ধান্ত-৭.২৬ঃ ২০২১-২০২২ অর্থবছরের উপজেলা গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট প্রজেক্টের বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| -১ | স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসা সরঞ্জামসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের আইসিটি ক্লাব ও বেঞ্চ সরবরাহ প্রকল্পের অনুমোদন পাওয়া গেছে। প্রকল্প বাস্তবায়নের জন্য পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। | | |
| তথ্য আপা | আলোচনা-৭.২৭ঃ তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তর হতে উপজেলায় বাড়ি বাড়ি গিয়ে তথ্য সহায়তা প্রদান করা হচ্ছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সহায়তা প্রদানসহ উঠান বৈঠক আয়োজন করা হচ্ছে। এছাড়াও তিনি বলেন যে, তাঁর দপ্তর হতে নারীদের ওজন, ডায়বেটিস, ব্লাড প্রেসার বিনামূল্যে মেপে দেয়ার কাজ চলছে। | সিদ্ধান্ত-৭.২৭ঃ তথ্যসেবা কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | তথ্যসেবা কর্মকর্তা |
| উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর | আলোচনা-৭.২৮ঃ সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সৈয়দপুর সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সিদ্ধান্ত-৭.২৮ঃ সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সৈয়দপুরকে প্রত্যেক ইউনিয়ন/অফিসের প্রকল্পসমূহ ওয়েব পোর্টালে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সৈয়দপুর |
| পল্লী জীবিকায়ন প্রকল্প | আলোচনা-৭.২৯ঃ উপজেলা প্রকল্প কর্মকর্তা, পজীপ, বিআরডিবি সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সিদ্ধান্ত-৭.২৯ঃ উপজেলা প্রকল্প কর্মকর্তা, পজীপ, বিআরডিবি, সৈয়দপুর'কে আশ্রয়ণ প্রকল্পসমূহে সমিতি গঠনের অনুরোধসহ তাঁর দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, পজীপ, বিআরডিবি |
| ইউনিয়ন পরিষদ | আলোচনা-৭.৩০ঃ সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ নিম্নোক্তভাবে তাঁদের বক্তব্য উপস্থাপন করেনঃ<br>চেয়ারম্যান, কামারপুকুর, বাঙ্গালীপুর, খাতামধুপুর, বোতলাগাড়ী ও কাশিরাম বেলপুকুর ইউপি সভায় জানান যে, তাঁদের ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | সিদ্ধান্ত-৭.৩০ঃ সকল ইউপি চেয়ারম্যানকে ইউনিয়নের সার্বিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| বিবিধঃ | আলোচনা-৮ঃ সভায় উপজেলা নির্বাহী অফিসার নিরাপদ খাদ্য আইন, ২০১৩ বিষয়ে উপস্থাপন করেন এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত প্রচারণা পত্র পাঠ করে শোনান। "খাদ্যে ভেজাল ও দূষণ খাদ্য প্রতিরোধে সামাজিক আন্দোলন"-এ বিষয়ে জেলা পর্যায়ে পাবলিক মিটিং আয়োজনের সম্ভাব্য রূপরেখা পাওয়া গেছে। তারই আলোকে উপজেলা পর্যায়ে সচেতনতামূলক আলোচনা সভা, ভিডিও ও প্রচারপত্র প্রদর্শনী এবং মাইকিং এর মাধ্যমে প্রচারণার কর্মসূচি প্রণয়নপূর্বক বাস্তবায়নের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। বিস্তারিত আলোচনা হয়। | সিদ্ধান্ত-৮ঃ বিস্তারিত আলোচনান্তে নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |

০৯। উপজেলা নির্বাহী অফিসার সভায় এ উপজেলায় জঙ্গী তৎপরতা রোধকল্পে জনসাধারণকে উদ্বুদ্ধ ও সচেতনতা বৃদ্ধি করাসহ মসজিদের ইমামগণকে জঙ্গী তৎপরতার কুফল সম্পর্কে খুতবার শেষে বক্তব্য প্রদানের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন। জঙ্গীবাদের বিরুদ্ধে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভায় আলোচনা করার জন্য অনুরোধ করা হয়।

১০। সভাপতি সভায় বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর হতে প্রাপ্ত মানবপাচার রোধ সংক্রান্ত পত্র সভায় উপস্থাপন করেন। এ উপজেলায় মানবপাচার রোধ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মানবপাচার রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মসজিদে জুম্মার নামাজের খুতবার পূর্বে আলোচনা করার জন্য মসজিদের ইমামগণকে অনুরোধ করা হয়। এছাড়াও মানবপাচার রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভার পক্ষ থেকে অফিসার ইনচার্জ, সৈয়দপুর থানা ও সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

১১। উপজেলা পরিষদ কার্যালয়, সৈয়দপুরের দুইজন কর্মচারী জনাব প্রবীর কুমার বাগচী, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর এবং গাড়িচালক জনাব মোঃ সবুজ ইসলামের চাকুরি ১০ বছর পূর্ণ হওয়ায় তাদের দাখিলকৃত ১ম উচ্চতর গ্রেড প্রাপ্তির আবেদন দুটি সভায় উপস্থাপন করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে তাদের চাকুরি বহি পর্যালোচনাপূর্বক জাতীয় বেতন



CamScanner

স্কেল, ২০১৫ এর ৭(১) ধারা মোতাবেক এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ২৪ জুলাই ২০২৩ ইং তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০(অংশ-১)-৫৩ নং স্মারকের প্রেক্ষিতে উপজেলা পরিষদ কার্যালয়, সৈয়দপুর, নীলফামারীতে কর্মরত উল্লিখিত কর্মচারীদ্বয়ের ১০ (দশ) বছর পূর্তি সাপেক্ষে ১ম উচ্চতর গ্রেড প্রাপ্তির বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

১২। সভায় উল্লেখ করা হয় যে, উপজেলা পরিষদের অফিস কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে স্ক্যানার ও মনিটর ক্রয় করা প্রয়োজন। উল্লেখ্য, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়াধীন স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখা'র ১৬/০২/২০২০ খ্রি. তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নং স্মারকে জারিকৃত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (চ) নং ক্রমিকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা পরিষদের TO&E-ভুক্ত অফিস সরঞ্জাম এক অর্থবছরে সর্বোচ্চ =৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে ক্রয় করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের "অফিস সরঞ্জাম ক্রয়" খাত হতে জরুরিভিত্তিতে একটি উন্নতমানের স্ক্যানার ও মনিটর ক্রয়ের বিষয়টি সভায় উপস্থাপন করা হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অফিস কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে "সৈয়দপুর উপজেলা পরিষদের স্ক্যানার ও মনিটর ক্রয়" এর জন্য ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে =২৫,০০০/- (পঁচিশ হাজর) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে সরাসরি ক্রয় পদ্ধতিতে জরুরিভিত্তিতে ক্রয়ের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

১৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সৈয়দপুর সভায় জানান যে, সৈয়দপুর উপজেলা পরিষদের আবাসিক এলাকার চামেলী ভবনের পানির লাইন নষ্ট হওয়ায় পানি ব্যবহারের ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। উল্লেখ্য, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়াধীন স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখা'র ১৬/০২/২০২০ খ্রি. তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নং স্মারকে জারিকৃত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ট) নং ক্রমিকে পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত ও ক্রয় ইত্যাদির ক্ষেত্রে উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধ করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। পরিষদের পানির লাইনের সমস্যাটি নিরসনে ইতোপূর্বে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মৌখিক নির্দেশনামতে =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে; যা ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের "পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত" খাত হতে প্রকল্প কমিটির মাধ্যমে জরুরীভিত্তিতে বাস্তবায়নের জন্য তিনি সভায় উপস্থাপন করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে "সৈয়দপুর উপজেলা পরিষদের আবাসিক এলাকার চামেলী ভবনের পানির লাইন মেরামত" এর জন্য ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত খাত হতে নিম্নবর্ণিত প্রকল্প কমিটির মাধ্যমে =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে জরুরিভিত্তিতে বাস্তবায়নের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

**প্রকল্পের নাম**-"সৈয়দপুর উপজেলা পরিষদের আবাসিক এলাকার চামেলী ভবনের পানির লাইন মেরামত =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।"

**<u>প্রকল্প বাস্তবায়ন কমিটি</u>**

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ১ | মোঃ লানচু হাসান চৌধুরী | ইউপি চেয়ারম্যান, কাশিরাম বেলপুকুর | সভাপতি |
| ২ | মোছাঃ ফাতেমা বেগম | সংরক্ষিত মহিলা সদস্য | সদস্য সচিব |
| ৩ | মোঃ মমিনুর রহমান | ইউপি সদস্য | সদস্য |
| ৪ | মোঃ জাহাঙ্গীর কবির | ইউপি সদস্য | সদস্য |
| ৫ | মোঃ জিয়ারুল | শিক্ষক | সদস্য |
| ৬ | মোঃ নুর ইসলাম | ইমাম | সদস্য |
| ৭ | মোছাঃ রাবেয়া | গণ্যমান্য ব্যক্তি | সদস্য |

১৪। উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়ঃ

| ক্রঃ নং | তহবিল/খাত | ব্যয়ের বিবরণ | ব্যয়ের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ১. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ধ): "উপজেলা পরিষদের চেয়ারম্যান/ ভাইস-চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ ভাতা" খাত হতে | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর মহোদয়ের অক্টোবর/২০২৩ মাসের সম্মানী | ৪০,০০০/- |
| ২. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ধ): "উপজেলা পরিষদের চেয়ারম্যান/ ভাইস-চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ ভাতা" খাত হতে | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর মহোদয়ের অক্টোবর/২০২৩ মাসের সম্মানী | ২৭,০০০/- |
| ৩. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ধ): "উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস-চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ ভাতা" খাত হতে | মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর মহোদয়ের অক্টোবর/২০২৩ মাসের সম্মানী | ২৭,০০০/- |



CamScanner

| ক্রঃ নং | তহবিল/খাত | ব্যয়ের বিবরণ | ব্যয়ের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ৪. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ত): "মালী/সুইপার নিয়োগ" খাত হতে | উপজেলা পরিষদের মালীর অক্টোবর/২০২৩ মাসের মজুরি | ১৬,৫০০/- |
| ৫. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ত): "মালী/সুইপার নিয়োগ" খাত হতে | উপজেলা পরিষদের সুইপারের অক্টোবর/২০২৩ মাসের মজুরি | ১৬,৫০০/- |
| ৬. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (জ): "আপ্যায়ন ব্যয়" খাত হতে | উপজেলা পরিষদের অক্টোবর/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় | ২৬,৮৫০/- |
| ৭. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ঝ): "আনুষঙ্গিক" খাত হতে | উপজেলা পরিষদের অক্টোবর/২০২৩ মাসের আনুষঙ্গিক ব্যয় | ৪,৪৭৫/- |
| ৮. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ঞ): "অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত" খাত হতে | পরিষদের কম্পিউটার মেরামত ব্যয় | ৪,২৯৬/- |
| ৯. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ভ): "বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা" খাত হতে | উপজেলা পরিষদের আবাসিক এলাকার ড্রেন পরিষ্কার বাবদ ব্যয় | ৮,০০০/- |
| ১০. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ট): "পানির পাম্প রক্ষণাবেক্ষণ/ মেরামত" খাত হতে | উপজেলা পরিষদের রজনীগন্ধা ভবনের পানির লাইন মেরামত ব্যয় | ২২,৩৭৫/- |
| ১১. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ট): "পানির পাম্প রক্ষণাবেক্ষণ/ মেরামত" খাত হতে | উপজেলা পরিষদের বলাকা ভবনের পানির লাইন মেরামত ব্যয় | ২১,৯২৬/- |
| ১২. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (প): "ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়" খাত হতে | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সিসি ক্যামেরা মেরামত ব্যয় | ৬,২৬৫/- |
| ১৩. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (প): "ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়" খাত হতে | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য সিসি ক্যামেরা সরবরাহ বাবদ ব্যয় | ১৬,১১০/- |
| ১৪. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ট): "পানির পাম্প রক্ষণাবেক্ষণ/ মেরামত", ৩ (ঝ): "আনুষঙ্গিক", ৩ (জ): "আপ্যায়ন ব্যয়", ৩ (ঞ): "অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/ মেরামত" এবং ৩ (প): "ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়" খাত হতে | ভ্যাট বাবদঃ উপজেলা পরিষদের রজনীগন্ধা ভবনের পানির লাইন মেরামত (১,৮৭৫/-), বলাকা ভবনের পানির লাইন মেরামত (১,৮৩৮/-), অক্টোবর/২০২৩ মাসের আনুষঙ্গিক ব্যয় (৩৭৫/-), অক্টোবর/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় (২,২৫০/-), পরিষদের কম্পিউটার মেরামত (৩৬০/-), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সিসি ক্যামেরা মেরামত (৫২৫/-) ও সিসি ক্যামেরা সরবরাহ (১,৩৫০/-) | ৮,৫৭৩/- |
| ১৫. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ট): "পানির পাম্প রক্ষণাবেক্ষণ/ মেরামত", ৩ (ঝ): "আনুষঙ্গিক", ৩ (জ): "আপ্যায়ন ব্যয়", ৩ (ঞ): "অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/ মেরামত" এবং ৩ (প): "ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়" খাত হতে | আয়কর বাবদঃ উপজেলা পরিষদের রজনীগন্ধা ভবনের পানির লাইন মেরামত (৭৫০/-), বলাকা ভবনের পানির লাইন মেরামত (৭৩৫/-), অক্টোবর/২০২৩ মাসের আনুষঙ্গিক ব্যয় (১৫০/-), অক্টোবর/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় (৯০০/-), পরিষদের কম্পিউটার মেরামত (১৪৪/-), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সিসি ক্যামেরা মেরামত (২১০/-) ও সিসি ক্যামেরা সরবরাহ (৫৪০/-) | ৩,৪২৯/- |
| ১৬. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ক): "উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ" খাত হতে | উপজেলা পরিষদের হলরুম এবং সিঁড়ি মেরামত ব্যয় | ৩,০৩,৯৫৬/- |



CamScanner

| ক্রঃ নং | তহবিল/খাত | ব্যয়ের বিবরণ | ব্যয়ের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ১৭. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ক): "উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ" খাত হতে | উপজেলা পরিষদের হলরুম এবং সিঁড়ি মেরামত ব্যয়ের আয়কর | ১০,৯৮৫/- |
| ১৮. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ক): "উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ" খাত হতে | উপজেলা পরিষদের হলরুম এবং সিঁড়ি মেরামত ব্যয়ের ভ্যাট | ৩২,৯০৭/- |
| ১৯. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (প): " ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়" খাত হতে | উপজেলা পরিষদের সিসি ক্যামেরা সরবরাহ বাবদ ব্যয় | ২২,৩৭৫/- |
| ২০. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ক): "উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ" খাত হতে | উপজেলা পরিষদের ডিস ক্যাবল সরবরাহ বাবদ ব্যয় | ২২,৩৭৫/- |
| ২১. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ঢ): "বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ" খাত হতে | জুলাই/২৩ হতে অক্টোবর/২৩ মাসের ইন্টারনেট বিল | ৬,৩৭৫/- |
| ২২. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (প): "ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়" এবং ৩ (ঢ): "বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ" খাত হতে | আয়কর বাবদঃ উপজেলা পরিষদের সিসি ক্যামেরা (৯৫০/-), ডিস ক্যাবল সরবরাহ (৯৫০/-) ও জুলাই/২৩ হতে অক্টোবর/২৩ মাসের ইন্টারনেট বিল (৩৫০/-) | ২,২৫০/- |
| ২৩. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (প): "ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়" এবং ৩ (ঢ): "বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ" খাত হতে | ভ্যাট বাবদঃ উপজেলা পরিষদের সিসি ক্যামেরা (১,৮৭৫/-), ডিস ক্যাবল সরবরাহ (১,৮৭৫/-) ও জুলাই/২৩ হতে অক্টোবর/২৩ মাসের ইন্টারনেট বিল (৩৭৫/-) | ৪,১২৫/- |
| ২৪. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ ৩ এর (চ): "অফিস সরঞ্জাম ক্রয়" খাত হতে | চেয়ারম্যান, উপজেলা পরিষদ কার্যালয়ের এসির যন্ত্রাংশ ক্রয় | ২১,৯২৭/- |
| ২৫. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ঞ): "অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত" খাত হতে | উপজেলা পরিষদের কম্পিউটার ও প্রিন্টার মেরামত বাবদ ব্যয় | ২২,২৬১/- |
| ২৬. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (চ): "অফিস সরঞ্জাম ক্রয়" খাত হতে | উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের প্রিন্টার ক্রয়ের বিল | ২২,৩৬৫/- |
| ২৭. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ ৩ (ঞ): "অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত" এবং ৩ (চ): "অফিস সরঞ্জাম ক্রয়" খাত হতে | আয়কর বাবদঃ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর কার্যালয়ের এসির যন্ত্রাংশ ক্রয় (৭৩৫/-), প্রিন্টার ক্রয় (৭৫০/-) এবং কম্পিউটার ও প্রিন্টার মেরামত ব্যয় (৭৪৬/-) | ২,২৩১/- |
| ২৮. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ ৩ (ঞ): "অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত" এবং ৩ (চ): "অফিস সরঞ্জাম ক্রয়" খাত হতে | ভ্যাট বাবদঃ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর কার্যালয়ের এসি মেরামত (১,৮৩৮/-), প্রিন্টার ক্রয় (১,৮৭৫/-) এবং কম্পিউটার ও প্রিন্টার মেরামত ব্যয় (১,৮৬৪/-) | ৫,৫৭৭/- |
| ২৯. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ধ): "উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস-চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ ভাতা" খাত হতে | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর মহোদয়ের জুলাই/২৩ হতে অক্টোবর/২৩ পর্যন্ত ভ্রমণ বিল | ২২,৪০০/- |
| ৩০. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ধ): "উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস-চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ ভাতা" খাত হতে | মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর মহোদয়ের জুলাই/২৩ হতে অক্টোবর/২৩ পর্যন্ত ভ্রমণ বিল | ২২,৪০০/- |



CamScanner

| ক্রঃ নং | তহবিল/খাত | ব্যয়ের বিবরণ | ব্যয়ের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ৩১. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ছ): "আসবাবপত্র মেরামত" খাত হতে | আলমিরা ও কেবিনেট মেরামত ব্যয় | ২১,১৯২/- |
| ৩২. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ছ): "আসবাবপত্র মেরামত" খাত হতে | আলমিরা ও কেবিনেট মেরামত ব্যয়ের আয়কর | ৭৩৫/- |
| ৩৩. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ছ): "আসবাবপত্র মেরামত" খাত হতে | আলমিরা ও কেবিনেট মেরামত ব্যয়ের ভ্যাট | ২,৪৫০/- |
| ৩৪. | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখার ১০ আগস্ট ২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০২০.০১০.২০২০-৫১২ নং স্মারক মোতাবেক উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানি খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ব্যয়করণের নির্দেশনা মোতাবেক | উপজেলা পরিষদের জীপগাড়ির অক্টো/২৩ ও নভেম্বর/২৩ মাসের জ্বালানি ব্যয় | ৪৯,৬৪৪/- |
| ৩৫. | ঐ | উপজেলা পরিষদে জীপগাড়ির অক্টো/২৩ ও নভেম্বর/২৩ মাসের জ্বালানি ব্যয়ের ভ্যাট | ৩,৭২৩/- |
| ৩৬. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ক): "উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ" খাত হতে | উপজেলা পরিষদের বাউন্ডারি ওয়াল মেরামত ব্যয় | ৪,৫৬৪/- |
| ৩৭. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ক): "উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ" খাত হতে | উপজেলা পরিষদের বাউন্ডারি ওয়াল মেরামত ব্যয়ের আয়কর | ১৫৩/- |
| ৩৮. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ক): "উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ" খাত হতে | উপজেলা পরিষদের বাউন্ডারি ওয়াল মেরামত ব্যয়ের ভ্যাট | ৩৮৩/- |

১৫। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১১/২৩ইং

(মোঃ আজমল হোসেন)
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী



CamScanner

উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী
www.syedpur.nilphamari.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৮৫.০০০.০৩.০০২.২৩- ১৬৫৬ তারিখঃ ৩০ নভেম্বর ২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫ নীলফামারী-০৪/মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৩২৩ মহিলা আসন-২৩।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, নীলফামারী।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।
০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নীলফামারী।
০৭। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর।
০৮। উপজেলা ........................................................অফিসার, সৈয়দপুর, নীলফামারী।
০৯। চেয়ারম্যান,........................................................ইউপি (সকল), সৈয়দপুর, নীলফামারী।
১০। জনাব................................................., সংরক্ষিত নারী সদস্য, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।
১১। জনাব..........................................................................., সৈয়দপুর, নীলফামারী।
১২। অফিস কপি ।

(ফয়সাল রায়হান)
উপজেলা নির্বাহী অফিসার
সৈয়দপুর, নীলফামারী
ফোনঃ ০২৫৮৯৯৫৬৯০১
ইমেইলঃ unosyedpur@mopa.gov.bd



CamScanner